

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
শিক্ষা শাখা
www.bncu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১৮.০০০০.০০৬.৩৩.০০১.১৮.২২

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৫


২৩ মে ২০১৮

বিষয়: **IIEP-UNESCO কর্তৃক পরিচালিত ‘Mainstreaming adult/non-formal education into Education Sector Plans: A lifelong learning perspective’ শীর্ষক অনলাইন কোর্সে আবেদন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ইউনেস্কো ইন্সটিটিউট ফর লাইফলং লার্নিং (UIL) এবং ইন্টারন্যাশনাল ইন্সটিটিউট ফর এডুকেশনাল প্ল্যানিং-IIEP-UNESCO এর পরিচালক হতে প্রাপ্ত পত্র এবং আনুষঙ্গিক কাগজপত্র মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে UIL এবং IIEP-UNESCO এর যৌথ উদ্যোগে আয়োজিত ‘Mainstreaming adult/non-formal education into Education Sector Plans: A lifelong learning perspective’ শীর্ষক অনলাইন কোর্স এ অংশগ্রহণের জন্য ৪-৬ সদস্যের একটি দল গঠনের জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে।

০২। শিক্ষা পরিকল্পনা ও ব্যবস্থাপনার সাথে যুক্ত পেশাজীবী, একাডেমিক অথবা গবেষকবৃন্দ বর্ণিত কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। গঠিত দলের একজন সমন্বয়ক নির্ধারণ করতে হবে। দলে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করতে সুপারিশ করা হয়েছে। প্রত্যেক অংশগ্রহণকারীর কোর্স ফি ৫৫০ মার্কিন ডলার। তবে নিম্ন আয়ের দেশসমূহের জন্য সীমিত আকারে বৃত্তির ব্যবস্থা আছে মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে মন্ত্রণালয়কে সুনির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। কোর্সে অংশগ্রহণের জন্য গঠিত দলের দায়িত্বপ্রাপ্ত সমন্বয়ককে https://app.wizehive.com/appform/login/IIEPOnline_Lifelong2018 এই লিঙ্ক হতে আগামী ১৫ জুন ২০১৮ তারিখের মধ্যে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পত্রের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সর্বিনয় অনুরোধ জানানো হলো।



২৪-৫-২০১৮

মোঃ মনজুর হোসেন
ডেপুটি সেক্রেটারি জেনারেল

সচিব

সচিবের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ